**স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৮ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২৩ পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী**

সভাপতি : মোঃ মেহেদী হাসান শাকিল, উপজেলা নির্বাহী অফিসার (চঃ দাঃ), গুরুদাসপুর, নাটোর।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, গুরুদাসপুর, নাটোর

তারিখ ও সময় : ৩১.০৭.২০২৩ খ্রিঃ সময়: সকাল- ১১.০০ মিঃ।

উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত-জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে সভাপতি ১৯৭৫ সালের ১৫ আগস্টের কালো রাতে নিহত সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব, বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামাল, শহিদ লেফটেনেন্ট শেখ জামাল, শহিদ শেখ রাসেলসহ সকল শহিদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন। অতঃপর জাতীয় কর্মসূচির আলোকে গুরুদাসপুর উপজেলার কর্মসূচি গ্রহণের জন্য উপস্থিত সদস্যদের নিকট হতে মূল্যবান মতামত আহবান করা হয়।

অতঃপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতভাবে নাটোর জেলার গুরুদাসপুর উপজেলায় ১৫ আগস্ট, ২০২৩ "জাতীয় শোক দিবস" যথাযোগ্য মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্দেশিকা/গাইড লাইন অনুসরণ করে নিম্নরূপ কর্মসূচি গ্রহণ করা হয়:

| তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১৪ আগস্ট, ২০২৩ সকাল ১০:০০ ঘটিকা | ৭ মার্চের ভাষণ প্রতিযোগিতা | উপজেলা পরিষদ মিলনায়তন গুরুদাসপুর, নাটোর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গুরুদাসপুর, নাটোর। |
| ১৪ আগস্ট, ২০২৩ সকাল ১১:০০ ঘটিকা | রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা | উপজেলা পরিষদ মিলনায়তন গুরুদাসপুর, নাটোর | উপজেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার গুরুদাসপুর, নাটোর। |
| ১৫ আগস্ট, ২০২৩ সূর্যোদয়ের সাথে সাথে | জাতীয় পতাকা অর্ধনমিতভাবে উত্তোলন | সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত ভবন, শিক্ষা প্রতিষ্ঠান, বে-সরকারি ভবনসমূহ | সংশ্লিষ্ট উপ-কমিটি এবং সকল দপ্তর প্রধান |
| ১৫ আগস্ট, ২০২৩ সকাল ০৯.০০ মিঃ | বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ | মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের সামনে | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ১৫ আগস্ট, ২০২৩ সকাল ০৯.৩০ মিঃ | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জীবন ও মহান কীর্তি সম্পর্কে অলোচনা সভা | উপজেলা পরিষদ মিলনায়তন | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ১৫ আগস্ট, ২০২৩ সকাল ১০.৩০ মিঃ | যুব ঋণের চেক বিতরণ | উপজেলা পরিষদ মিলনায়তন | উপজেলা যুব উন্নয়ন অফিসার, গুরুদাসপুর, নাটোর |
| ১৫ আগস্ট, ২০২৩ সুবিধাজনক সময়ে | পবিত্র কোরআন তেলোয়াত, হামদ-নাত প্রতিযোগিতা, আলোচনা সভা ও দোয়া মাহফিল | ইসলামিক ফাউন্ডেশন কার্যালয়, গুরুদাসপুর, নাটোর | ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন, গুরুদাসপুর, নাটোর |
| ১৫ আগস্ট, ২০২৩ বাদ যোহর | বিশেষ মোনাজাত | সকল মসজিদ | ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন, গুরুদাসপুর, নাটোর |
| ১৫ আগস্ট, ২০২৩ সুবিধাজনক সময়ে | বিশেষ প্রার্থনা | মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠান | সংশ্লিষ্ট ধর্মীয় প্রতিষ্ঠানের পুরোহিত/ধর্মীয় নেতা ও সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ১৫ আগস্ট, ২০২৩ দিনব্যাপি | স্বেচ্ছায় রক্তদান, স্বাস্থ্য সেবা প্রদান ও দোয়া মাহফিল | উপজেলা পরিষদ মিলনায়তনের সামনে | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর |

**জাতীয় পতাকা অর্ধনমিতভাবে উত্তোলন প্রচার উপ-কমিটিঃ**

০১। সহকারী কমিশনার (ভূমি), গুরুদাসপুর, নাটোর — আহবায়ক

০২। অফিসার ইনচার্জ, গুরুদাসপুর থানা, গুরুদাসপুর, নাটোর — সদস্য

০৩। উপজেলা সমাজসেবা অফিসার, গুরুদাসপুর, নাটোর — সদস্য

০৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গুরুদাসপুর, নাটোর। — সদস্য

০৫। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, গুরুদাসপুর, নাটোর — সদস্য

০৬। উপজেলা আনসার ভিডিপি অফিসার, গুরুদাসপুর, নাটোর — সদস্য

০৭। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গুরুদাসপুর, নাটোর — সদস্য

০৮। সম্পাদক, বাংলাদেশ স্কাউট, গুরুদাসপুর উপজেলা শাখা, গুরুদাসপুর, নাটোর — সদস্য

**বিশেষ মোনাজাত উপ-কমিটিঃ**

০১। উপজেলা শিক্ষা অফিসার, গুরুদাসপুর ,নাটোর। — আহবায়ক

০২। ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-২ গুরুদাসপুর, নাটোর — সদস্য

০৩। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, গুরুদাসপুর, নাটোর — সদস্য

০৪। জনাব মোঃ জহরুল ইসলাম, ইমাম, কেন্দ্রীয় জামে মসজিদ, গুরুদাসপুর,নাটোর — সদস্য

**বিশেষ প্রার্থনা উপ-কমিটিঃ**

০১। জনাব মোঃ মেহেদী হাসান শাকিল, সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, গুরুদাসপুর, নাটোর — আহবায়ক

০২। জনাব মোহাঃ তৌহিদুল ইসলাম, ইন্সট্রাক্টর, ইউআরসি, গুরুদাসপুর, নাটোর — সদস্য

০৩। জনাব প্রবীর কুমার কুন্ডু, গুরুদাসপুর, নাটোর — সদস্য

০৪। জনাব শ্রী আনন্দ গোপাল কুন্ডু, গুরুদাসপুর, নাটোর — সদস্য

০৫। জনাব শ্রী অরুণ কুমার চক্রবর্তী, পুরোহিত, গুরুদাসপুর রাধাগোবিন্দ মন্দির, গুরুদাসপুর, নাটোর — সদস্য

০৬। জনাব শ্রী পুলক সরকার, সভাপতি, গুরুদাসপুর রাধাগোবিন্দ মন্দির, গুরুদাসপুর, নাটোর — সদস্য

**আলোচনা সভা উপ-কমিটিঃ**

১. জনাব শ্রাবণী রায়, উপজেলা নির্বাহী অফিসার, গুরুদাসপুর, নাটোর — আহবায়ক
২. জনাব মোঃ মেহেদী হাসান শাকিল, সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, গুরুদাসপুর, নাটোর — সদস্য
৩. জনাব মোঃ হারুন আর রশিদ, উপজেলা কৃষি অফিসার, গুরুদাসপুর, নাটোর — সদস্য
৪. জনাব খ.ম. জাহাঙ্গীর হোসেন, উপজেলা শিক্ষা অফিসার, গুরুদাসপুর, নাটোর — সদস্য
৫. জনাব মোঃ সেলিম আকতার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গুরুদাসপুর, নাটোর — সদস্য
৬. জনাব মোঃ মোনোয়ারুজ্জামান, অফিসার ইনচার্জ, গুরুদাসপুর থানা, নাটোর — সদস্য
৭. অধ্যক্ষ, বিসিএসএস সরকারি কলেজ, গুরুদাসপুর, নাটোর — সদস্য
৮. অধ্যক্ষ, রোজীমোজাম্মেল মহিলা ডিগ্রী কলেজ, গুরুদাসপুর, নাটোর — সদস্য
৯. অধ্যক্ষ, মশিন্দা শিকারপড়া ফাজিল মাদ্রাসা, গুরুদাসপুর, নাটোর — সদস্য
১০. অধ্যক্ষ, চলনবিল কারিগরি ও কমার্স কলেজ, বিয়ঘাট, গুরুদাসপুর, নাটোর — সদস্য
১১. অধ্যক্ষ, গুরুদাসপুর রোকেয়া গালর্স স্কুল এন্ড কলেজ, গুরুদাসপুর, নাটোর — সদস্য
১২. প্রধান শিক্ষক, গুরুদাসপুর রোকেয়া সরকারি প্রাঃ বিদ্যালয়, গুরুদাসপুর, নাটোর — সদস্য
১৩. প্রধান শিক্ষক, চাঁচকৈড় নাজিম উদ্দিন উঃ বিদ্যালয়, গুরুদাসপুর, নাটোর — সদস্য
১৪. প্রধান শিক্ষক, গুরুদাসপুর মডেল সরকারি প্রাঃ বিদ্যালয়, গুরুদাসপুর, নাটোর — সদস্য
১৫. প্রধান শিক্ষক, চাঁচকৈড় সরকারি প্রাঃ বিদ্যালয়, গুরুদাসপুর, নাটোর — সদস্য
১৬. প্রধান শিক্ষক, চাঁচকৈড় শিক্ষা সংঘ সঃ প্রাঃ বিদ্যালয়, গুরুদাসপুর, নাটোর — সদস্য

সদস্য

**সংগীত, আবৃত্তি ও ৭ মার্চের ভাষণ প্রতিযোগিতা উপ-কমিটিঃ**

০১। জনাব মোঃ মেহেদী হাসান শাকিল, সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, গুরুদাসপুর, নাটোর — আহবায়ক

০২। উপজেলা কৃষি অফিসার, গুরুদাসপুর, নাটোর — সদস্য

০৩। উপজেলা প্রাণি সম্পদ অফিসার, গুরুদাসপুর, নাটোর — সদস্য

০৪। আর. এম. ও, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গুরুদাসপুর, নাটোর — সদস্য

০৫। উপজেলা শিক্ষা অফিসার, গুরুদাসপুর, নাটোর — সদস্য

০৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গুরুদাসপুর, নাটোর — সদস্য

০৭। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, গুরুদাসপুর, নাটোর — সদস্য

০৮। ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, গুরুদাসপুর, নাটোর — সদস্য

০৯। জনাব মোঃ মাসুদ রানা, উপজেলা সহকারী শিক্ষা অফিসার, গুরুদাসপুর, নাটোর — সদস্য

১০। উপজেলা একাডেমীক সুপারভাইজার, গুরুদাসপুর, নাটোর — সদস্য

সদস্য

**<u>স্বাস্থ্য সেবা ক্যাম্পেউন উপ-কমিটিঃ</u>**

| | |
|---|---|
| ০১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, গুরুদাসপুর, নাটোর | আহবায়ক |
| ০২। অফিসার ইনচার্জ, গুরুদাসপুর থানা, গুরুদাসপুর, নাটোর | সদস্য |
| ০৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গুরুদাসপুর, নাটোর | সদস্য |
| ০৪। উপজেলা শিক্ষা অফিসার, গুরুদাসপুর, নাটোর | সদস্য |
| ০৫। উপজেলা আনছার ভিডিপি অফিসার, গুরুদাসপুর, নাটোর | সদস্য |
| ০৬। চেয়ারম্যান, ধারাবারিষা ইউনিয়ন পরিষদ, গুরুদাসপুর, নাটোর | সদস্য |
| ০৭। সাধারণ সম্পাদক, বাংলাদেশ স্কাউট, গুরুদাসপুর উপজেলা শাখা, গুরুদাপুর, নাটোর | সদস্য |

**ইহা ছাড়াও নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।**

১। সঠিক রঙের ও মাপের জাতীয় পতাকা সোজা দন্ডের সাথে অর্ধনমিতভাবে উত্তোলনের বিষয়টি সর্বসাধারণের অবগতির নিমিত্ত মাইকিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রোগ্রামার, গুরুদাসপুর, নাটোরকে অনুরোধ করা হলো। এছাড়াও জাতীয় পতাকা সঠিকভাবে উত্তোলিত হয়নি কিংবা কোন অসংগতি থাকলে তাৎক্ষণিকভাবে সহকারী কমিশনার (ভূমি), গুরুদাসপুর, নাটোর-এর মোবাইল নম্বর-০১৭৬২৬৯২১১৭-এ এবং উপজেলা নির্বাহী অফিসার, গুরুদাসপুর, নাটোর এর ০১৭৬২৬৯২১১০ নম্বরে যোগাযোগ করার জন্য সকলকে অনুরোধ করা হলো।

২। সরকারি-বেসরকারি সকল প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা, মেডিকেল কলেজ ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শোকদিবসের সাথে সঙ্গতিপূর্ণ অলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্রপ্রদর্শনী, হামদ-নাত প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন করার জন্য উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গুরুদাসপুর, নাটোরকে অনুরোধ করা হলো।

৩। জাতীয় শোক দিবস উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জীবন ও মহান কীর্তি সম্পর্কে আলোচনা অনুষ্ঠানের সকল প্রকার পদক্ষেপ নিতে সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো।

৪। গুরুদাসপুর পৌরসভা এলাকা পরিস্কার-পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, গুরুদাসপুর পৌরসভাকে অনুরোধ করা হলো।

৫। জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে গৃহীত সকল কর্মসূচিতে আইন-শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, গুরুদাসপুর থানা, নাটোরকে অনুরোধ করা হলো।

৬। জাতীয় শোক দিবস উপলক্ষ্যে গুরুদাসপুর কেন্দ্রীয় জামে মসজিদে দোয়া মাহফিলের ব্যবস্থা গ্রহণের জন্য কেন্দ্রীয় জামে মসজিদের সমন্বয়কারীকে অনুরোধ করা হলো।

৭। ডিজিএম, গুরুদাসপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ নাটোর কে জাতীয় শোক দিবস-২০২৩ উদ্‌যাপনে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো।

৮। উপজেলা পর্যায়ের অনুষ্ঠান সমূহে সরকারি কর্মকর্তা-কর্মচারীগণের উপস্থিত নিশ্চিত করার জন্য স্ব-স্ব বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হলো।

৯। জাতীয় শোক দিবসের সকল অনুষ্ঠানে উপস্থিত সকলকে কালো ব্যাজ ধারণ করার জন্য অনুরোধ করা হলো।

১০। উপজেলা পরিষদের সকল অফিসারবৃন্দকে জাতীয় দিবসের সকল সর্মসূচীতে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনে গৃহিত কর্মসূচীতে সকলকে অংশগ্রহণের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৩/০৭/২৩

**(মোঃ মেহেদী হাসান শাকিল)**
**উপজেলা নির্বাহী অফিসার (চঃ দাঃ)**
**গুরুদাসপুর, নাটোর।**

০৩/০৭/২০২৩